

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ  
আইসিটি শাখা  
মৎস্য ভবন, রমনা, ঢাকা।

মৎস্য অধিদপ্তরের ইনোভেশন টিমের সদস্যগণের অংশগ্রহণে জানুয়ারি/২০১৯ খ্রিঃ তারিখের ইনোভেশন সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মনোয়ার হোসেন  
: উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা) এবং ইনোভেশন অফিসার  
সভার তারিখ : ১৭/০১/২০১৯খ্রি.  
সভার সময় : বিকাল ৩.০০ ঘটিকায়  
স্থান : উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা) এর অফিস কক্ষ।

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত আছে। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**১। মাঠ পর্যায়ে ইনোভেশন কার্যক্রম পর্যালোচনা :**

সভাপতি উপজেলা মৎস্য কর্মকর্তা(রিজার্ভ) ও সদস্য সচিব এর নিকট মাঠ পর্যায়ে ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চান। উপজেলা মৎস্য কর্মকর্তা(রিজার্ভ) জনাব মোঃ বদিউল আলম সূফল সভায় জানান যে, ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ এর লক্ষ্যমাত্রা/নির্গায়ক অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। এখন পর্যন্ত মৎস্য অধিদপ্তরের ইনোভেশন বিষয়ক অবস্থান সন্তোষজনক বলা যেতে পারে। তবে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য অন্যান্য শাখার সহযোগিতা প্রয়োজন।

**২। মাঠ পর্যায়ের উদ্ভাবনী আইডিয়া আহ্বান এবং প্রস্তাবকৃত উদ্যোগ পর্যালোচনাঃ**

উপজেলা মৎস্য কর্মকর্তা(রিজার্ভ) সভায় জানান যে, বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা ২০১৮-১৯ মোতাবেক ৪নং অনুচ্ছেদ অনুযায়ী মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নিকট হতে অনলাইনে উদ্ভাবনী ধারণা বা উদ্যোগ আহ্বান করা হয়েছিল। এতে ৮ জন উদ্ভাবকের সর্বমোট ১৫টি আইডিয়া পাওয়া যায়। এছাড়াও পরবর্তীতে মাঠ পর্যায় থেকে আরো ১ জনের ইনোভেশন আইডিয়া পাওয়া গেছে।

**৩. ইনোভেশন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম পর্যালোচনাঃ**

সদস্য সচিব সভায় জানান যে, মৎস্য অধিদপ্তরের ইনোভেশন কর্মপরিকল্পনার অনুচ্ছেদ ২.১ মোতাবেক ইনোভেশন টিমের সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে এবং কর্মপরিকল্পনার ২.২.১ অনুচ্ছেদ মোতাবেক ইনোভেশন টিমের বিগত সকল সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন হচ্ছে। এছাড়া ইনোভেশন সংক্রান্ত সকল কার্যক্রম সঠিকভাবে সম্পাদিত হচ্ছে।

**৪. বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনা :**

উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) সভায় জানান যে, বিগত ২৭/১২/২০১৮ খ্রিঃ তারিখের ইনোভেশন টিমের সভায় ৮টি সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। সকল সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে মর্মে সদস্য সচিব সভাকে অবহিত করেন। ২০১৮-১৯ অর্থবছরে ক্রমপুঞ্জিভূত বাস্তবায়িত মোট সিদ্ধান্ত হলো ২২টি।

**৫. বিবিধ আলোচনা :**

ক) উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) সভায় জানান যে, মৎস্য অধিদপ্তরের মাঠ পর্যায়ের উদ্ভাবকগণ এবং ইনোভেশন কমিটির সদস্যবৃন্দকে নিয়ে গত ১৪-১৫ জানুয়ারি ২০১৯ খ্রি. তারিখে ২ দিনের ভিডিও ক্লিপ মেকিং সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা হয়।

- খ) সদস্য সচিব সভায় জানান যে, সেবা সহজিকরণ কমিটির সাথে পর্যালোচনাপূর্বক এবং ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত অনুসারে বিগত ০৮-০১-২০১৯ খ্রি. তারিখে মৎস্য খাদ্য উত্পাদনকারী/বিক্রেতার লাইসেন্স/নবায়ন অনলাইন করা (ই-সার্ভিসে রূপান্তর) রোলিকেশন এর পত্র জারি করা হয়।
- গ) সদস্য সচিব সভায় জানান, মৎস্য অধিদপ্তরের ওয়েবপোর্টালে ইনোভেশন কর্ণার তৈরি করা হয়েছে এবং সেখানে অন্যান্য তথ্যের পাশাপাশি মেন্টর-মেন্টর তালিকাও আপলোড করা হয়েছে।
- ঘ) উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) জানান যে, মাঠ পর্যায়ে ইনোভেশন কার্যক্রম পরিদর্শন অব্যাহত রয়েছে। সভাপতি মহোদয় মহোদয় পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন।

সভার উপস্থিত সদস্যগণ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেন।

**সিদ্ধান্তসমূহ:**

১. বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যাদি যথাসমসয়ে সম্পন্ন করতে হবে;
২. মাঠ পর্যায়ে ইনোভেশন কার্যক্রম পরিদর্শন করতে হবে;
৩. ইনোভেশন কর্ণার নিয়মিত আপডেট করতে হবে এবং
৪. ইনোভেশন খাতে প্রয়োজনীয় অর্থ উপযোজনের মাধ্যমে বরাদ্দের জন্য অর্থ ও পরিকল্পনা শাখাকে পত্র দিবেন;

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ মনোয়ার হোসেন  
উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা)

ও  
ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২৩.১৩.০০১.১৭-৭৭

তারিখ: ৪ মাঘ ১৪২৫

১৭ জানুয়ারি ২০১৯

বিতরণঃ কাষার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) যুগ্মসচিব (ব্লু-ইকোনমি) ও চিফ ইনোভেশন অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়;
- ২) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, বাংলাদেশ, ঢাকা;
- ৩) উপপরিচালক, (অর্থ ও পরিকল্পনা), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা;
- ৪) উপপ্রধান (আইসিটি), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা;
- ৫) সহকারী পরিচালক (আইসিটি), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা;
- ৬) সহকারী পরিচালক (অর্থ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা;
- ৬) সহকারী পরিচালক (পরিকল্পনা), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা;
- ৭) সহকারী পরিচালক (বাস্তবায়ন), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা;
- ৮) প্রধান মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা;
- ৯) গবেষণা কর্মকর্তা (পরিকল্পনা), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা;
- ১০) দপ্তর নথি।



মোঃ বদিউল আলম সুফল  
উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ) ও  
সদস্য সচিব